গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ ও ক্রয় শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১৪.৩৩.০৪৭.১৬-১১৮ | তারিখ: ০৬/০৫/২০২৬ খ্রি.

# অফিস আদেশ

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর প্রারম্ভিক সংজ্ঞায় উল্লেখ আছে-"ক্রয়কারী (Procuring Entity) অর্থ সরকারী তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের জন্য প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসম্পন্ন কোন ক্রয়কারী। একইভাবে "ক্রয়কারী কার্যালয় প্রধান Head of Procuring Entity (HOPE) বলতে কোন মন্ত্রণালয় বা বিভাগের সচিব, সরকারী অধিদপ্তর বা পরিদপ্তরের প্রধান বা পদনাম নির্বিশেষে কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা কর্পোরেশন অথবা কোম্পানী আইনের অধীন কোন সংস্থার প্রধান নির্বাহী।" পর্যবেক্ষণে দেখা যাচ্ছে যে, বর্তমানে ই-জিপি (e-GP) পোর্টালে "Head of Procuring Entity" এবং "Finance & Procurement" নামে দুটি পৃথক PE Office বিদ্যমান রয়েছে। যেহেতু স্মারক নং-৩৭.০২.০০০.১০১.৪৩.০০১.১৭.২৩৯৭/২৩; তারিখ: ০৮/০৭/২০২৫ খ্রি. মোতাবেক অধিদপ্তরের পরিচালক (অর্থ ও ক্রয়)-কে আয়ন-ব্যয়ন কর্মকর্তা (DDO) হিসেবে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ করা হয়েছে, সেহেতু আইনগত ও কার্যগতভাবে পরিচালক (অর্থ ও ক্রয়)-ই ক্রয়কারী (Procuring Entity) হিসেবে দায়িত্ব পালনের অধিকারী। এমতাবস্থায়, প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি এবং ক্রয় কার্যক্রমকে PPA-2006 ও PPR-2025 সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ অনুমোদিত হলো:

১. ই-জিপি পোর্টালে বিদ্যমান "Head of Procuring Entity" নামে পরিচালিত PE Office-টি অবলুপ্ত/বাতিল করা হলো।

২. ভবিষ্যতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় ক্রয় কার্যক্রম শুধুমাত্র "পরিচালক (অর্থ ও ক্রয়)" এর অধীনস্থ PE Office এর মাধ্যমে পরিচালিত হবে।

৩. এখন থেকে পরিচালক (অর্থ ও ক্রয়) অত্র দপ্তরের প্রধান ক্রয়কারী (Procuring Entity) হিসেবে যাবতীয় ক্রয় পরিকল্পনা (APP) অনুমোদন এবং দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করবেন।

৪. মহাপরিচালক মহোদয় বিধি মোতাবেক "Head of Procuring Entity (HOPE)" হিসেবে তাঁর উপর অর্পিত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতার আওতায় অনুমোদনকারী কর্তৃপক্ষ (Approving Authority) হিসেবে দায়িত্ব পালন করবেন।

৫. যে সকল কর্মকর্তাগণের ই-জিপি আইডি "Head of Procuring Entity (HOPE)" নামে খোলা PE Office এর আওতাভুক্ত ছিল সে সকল কর্মকর্তাগণকে নতুন ID Create পূর্বক তাদের ই-জিপি আইডি পরিচালক (অর্থ ও ক্রয়) এর অধীনস্থ PE Office এর আওতায় অর্ন্তভুক্ত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

সংযুক্তি: কর্মকর্তাদের তালিকা।


(প্রফেসর মোহাম্মদ মনির হোসেন পাটওয়ারী)
পরিচালক
ফাইন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ই-মেইল: dir-f_p@dshe.gov.bd


অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
২. পরিচালক (অর্থ ও ক্রয়) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩. উপ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন শাখা), উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), সহকারী পরিচালক-১ (পরিকল্পনা ও উন্নয়ন শাখা), সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অ. দা.) (ইএমআইএস সেল), প্রোগ্রামার-৩ (ইএমআইএস সেল), প্রোগ্রামার-৫ (ইএমআইএস সেল), সহকারী প্রোগ্রামার-২ (ইএমআইএস সেল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৪. সিস্টেম অ্যানালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৬. অফিস কপি।

CamScanner

...rnment Users

| S. No. | Full Name | Organization Name | PE Office | Role | e-mail ID | Date | Action |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | MD. SHAHJAHAN | Directorate of Secondary & Higher Education | Head Of Procuring Entity | TEC/PEC | dd-admin@dshe.gov.b | 22-Jan-2026 | Edit \| View \| Transfer \| Deactivate \| Assign PM Role |
| 2 | Md. Mamun-Ar-Rashid | Directorate of Secondary & Higher Education | Head Of Procuring Entity | TEC/PEC | ap2_emis@dshe.gc | 12-Jan-2026 | Edit \| View \| Transfer \| Deactivate \| Assign PM Role |
| 3 | Md. Farque Ahmed | Directorate of Secondary & Higher Education | Head Of Procuring Entity | TEC/PEC | dd-pd@dshe.gov.bd | 25-Nov-2025 | Edit \| View \| Transfer \| Deactivate \| Assign PM Role |
| 4 | Md Mizanur Rahman | Directorate of Secondary & Higher Education | Head Of Procuring Entity | TEC/PEC | ad_planning1@dsh | 26-Oct-2025 | Edit \| View \| Transfer \| Deactivate \| Assign PM Role |
| 5 | Md. Humayun Kabir | Directorate of Secondary & Higher Education | Head Of Procuring Entity | TEC/PEC | ssa.ac@dshe.gov.b | 29-Sep-2025 | Edit \| View \| Transfer \| Deactivate \| Assign PM Role |
| 6 | SHARIFUL ISLAM | Directorate of Secondary & Higher Education | Head Of Procuring Entity | TEC/PEC | sharif@dshe.gov.b | 17-Mar-2025 | Edit \| View \| Transfer \| Deactivate \| Assign PM Role |
| 7 | Md. Johir Uddin | Directorate of Secondary & Higher Education | Head Of Procuring Entity | TEC/PEC | johir@dshe.gov.bd | 08-Jun-2017 | Edit \| View \| Transfer \| Deactivate \| Assign PM Role |

CamScanner